



২০তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ ২০২৪
লোগো ও পোস্টার এর নকশা প্রণয়নের জন্য ডিজাইন আহ্বান

দেশব্যাপী আগ্রহী শিল্পী ও নকশাবিদদের কাছ থেকে ১ ডিসেম্বর ২০২৪ হতে ৩১ জানুয়ারি ২০২৫ পর্যন্ত অনুষ্ঠিতব্য ২০তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ ২০২৪ এর লোগো ও পোস্টারের নকশা আহ্বান করা যাচ্ছে।

লোগো ও পোস্টার এর নকশা প্রণয়ন নীতিমালা

- ১। লোগোর পরিচিতি হবে ২০তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ ২০২৪। লোগো ও পোস্টারের ভাষা যৌথভাবে বাংলা ও ইংরেজিতে হবে।
- ২। লোগো ও পোস্টারের নকশায় বাংলাদেশের কৃষ্টি ও ঐতিহ্যকে ধারণ করতে হবে।
- ৩। লোগোর নকশা তিনটি মাপে যেমন- ১/২ ইঞ্চি, ১ ইঞ্চি ও A4 মাপে উপস্থাপন করতে হবে।
- ৪। নকশাকৃত লোগো দুইভাবে যেমন- ৪ রঙ এবং সাদা-কালো রঙে উপস্থাপন করতে হবে।
- ৫। লোগো অবশ্যই Adobe Illustrator CS 10 এ ব্যবহার উপযোগী হতে হবে। নকশাকৃত লোগোর সফট কপি (ডিজিটাল কপি) CMYK (সিএমওয়াইকে) এবং RGB (আরজিবি) রং এর ধরণে এবং পুনরায় নকশা উপযোগী করে উপস্থাপন করতে হবে। নকশার সফট কপি উচ্চ রেজুলেশন সম্পন্ন হতে হবে এবং PDF, JPG, JPEG ও AI/EPS ফরম্যাটে পেনড্রাইভে উপস্থাপন করতে হবে।
- ৬। ২০তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ ২০২৪ এর পোস্টারে বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর লোগো সংযুক্ত করার সুযোগ রাখতে হবে।
- ৭। পোস্টারের নকশায় দুইটি মাপ যেমন: ক. ২৩ ইঞ্চি প্রস্থ ও ৩৬ ইঞ্চি উচ্চতা এবং খ. ২০ ইঞ্চি প্রস্থ ও ৩০ ইঞ্চি উচ্চতা থাকতে হবে। পোস্টারের ভিতরে লোগোর মাপ অবশ্যই সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
- ৮। লোগো ও পোস্টার নকশাকরণ কমিটি নির্বাচিত ও চূড়ান্ত লোগোর নকশায় যে কোনো ধরণের পরিবর্তন, পরিবর্ধন ও পরামর্শ প্রদানের ক্ষমতা রাখেন।
- ৯। যেহেতু এটি একটি উন্মুক্ত আহ্বান সেহেতু উপস্থাপিত সকল নকশা লোগো ও পোস্টার নকশাকরণ কমিটি যাচাই-বাছাই এর অধিকার সংরক্ষণ করেন। চূড়ান্তভাবে নির্বাচিত লোগো নকশাকরণের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র) এবং পোস্টার নকশাকরণের জন্য ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা মাত্র) সম্মানি প্রদান করা হবে।

আগ্রহীদের উপর্যুক্ত নীতিমালা অনুযায়ী লোগো ও পোস্টারের নকশা এবং জীবন বৃত্তান্ত ১০ ফেব্রুয়ারি, ২০২৪ এর মধ্যে নিম্নলিখিত ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

এশিয়ান আর্ট বিয়োনাল সেল, জাতীয় চিত্রশালা ভবন, ৩য় তলা, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০।

ফোন: ০২-২২৩৩৫৮৯০৭; ০১৭১১১৭৪৯১৮, ০১৭৮৩৩৮৭৫৭৫

ইমেইল: asianart.biennale2@gmail.com

biennale@shilpakala.gov.bd

ওয়েব : www.asianartbiennale.org.bd

সৃজনশীল বাংলাদেশ



বাংলাদেশ শিল্পকলা একাডেমি



shilpakala.gov.bd



shilpakala page

